নিন্দা বা স্তুতি প্রাকৃত গুণাতীত শ্রীভগবানের সচ্চিদানন্দময় গুণ ও শ্রীমূর্ত্তিতে প্রবৃত্ত হইতে পারে না। বিশেষতঃ জীবের মত প্রকৃতি ও প্রকৃতিকার্য্যভূত কোনও বস্তুতে শ্রীভগবানের অভিমান নাই; অতএব প্রাকৃত গুণাবলম্বী নিন্দা দ্বারা প্রাকৃত গুণাতীত শ্রীকৃষ্ণের পীড়াও নাই। এই কথাটি সাড়ে তিনটি শ্লোকে বলিতেছেন—"নিন্দনস্তবসৎকারন্যক্কারার্থঃ কলেবরম্। প্রধান পরয়োঃ রাজন্নবিবেকেন কল্পিতম্॥"

নিন্দন—দোষকীর্ত্তন, ন্যক্কার—তিরস্কার, স্তব—প্রশংসাবাক্য, সৎকার—সম্মান। এই সকল বুঝিবার জন্য প্রকৃতি-পুরুষের অবিবেকে জীবসমূহের কলেবরসমূহ রচিত হইয়াছে। হিংসা তদভিমানেন দণ্ডপারুষ্যয়োর্যথা। বৈষম্যমিহ ভূতানাং মমাহমিতি পার্থিব। যন্নিবদ্ধো'হ'ভিমানো'হ'য়ং তদ্বধাৎ প্রাণিনাং বধঃ। তথা ন যস্য কৈবল্যাদভিমানো'হ'খিলাত্মনঃ। পরস্য দমকর্ত্তুর্হি হিংসা কেনাস্য কল্পতে॥"

যেমন সেই প্রাকৃত দেহাভিমানে প্রাণিগণের পরও আপন এই বৈষম্য উপস্থিত হয় এবং সেই দেহকৃত তাড়ন ও নিন্দা দ্বারা হিংসাও হইয়া থাকে। আবার যেমন সেই দেহে আমিত্ব বুদ্ধিজন্য দেহের বধে প্রাণিগণের বধও হইয়া থাকে। কিন্তু যাহার সেই দেহেতে আমিত্ব অভিমান নাই, সেই শ্রীভগবানের কি হেতু অবলম্বনে হিংসা হইতে পারে? এ স্থানের অভিপ্রায় এই যে—ব্যবহার-জগতে নিন্দা-স্তুতি, দেহদৃষ্টিতেই হইয়া থাকে, অর্থাৎ এই জন সুন্দর, এই জন কুৎসিৎ—এইরূপ স্তব বা নিন্দা, দেহকেই আদর, দেহকেই অনাদর, দেহেরই তাড়ন এবং দেহাভিমানীকেই ভৎর্সনা করা হয়। যাহার দেহেতে যতটা পরিমাণে আমিত্ব বলিয়া অভিমান বা আবেগ থাকে, তাহার ততটা পরিমাণেই আমাকে নিন্দা করিল, আমাকে প্রশংসা করিল, আমাকে দ্বেষ করিল এই-প্রকার অভিমান জন্মিয়া থাকে। যাহার সেই মায়াগুণময় দেহেতে আবেশ নাই, তাহার দেহদৃষ্টিতে কৃত স্তব, তাড়ন ও অপমান প্রভৃতিতে সুখ-দুঃখ জন্মে না; যেহেতু আত্মদৃষ্টিতে কোনও নিন্দা বা স্তুতি করা হয় না। যদি প্রাকৃত দেহাভিমানশূন্য জীবন্মুক্ত পুরুষেরই নিন্দাস্তুতি প্রভৃতি জন্য সুখ বা দুঃখ উপস্থিত না হয়, তাহা হইলে সর্ব্বপ্রকারে প্রকৃতিসম্বন্ধরহিত সচ্চিদানন্দ-স্বরূপ শ্রীভগবানকে নিন্দা করিলে তাঁহার যে সুখ-দুঃখাদি জন্মিতে পারে না—তাহাতে বলাই বাহুল্য। যদ্যপি শ্রীভগবান সবিগ্রহ, তথাপি শ্রীবিগ্রহ এবং শ্রীভগবান ভিন্ন বস্তু নহেন। জীবের মত শ্রীভগবানে দেহ ও দেহী ভেদ নাই; শ্রীবিগ্রহই শ্রীভগবান এবং শ্রীভগবানই শ্রীবিগ্রহ। শ্রীভগবানের শ্রীবিগ্রহ যে প্রকৃতিস্পর্শশূন্য তাহা ৭।১ অধ্যায়ে কৈমুত্য ন্যায়ে শ্রীযুধিষ্ঠির